দৈনিক বাংলা

তারিখ 23/3/80
পৃষ্ঠা ... কলাম 4

C10

# ২রা এপ্রিল প্রাথমিক শিক্ষকদের দাবী দিবস

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক পরিষদের আহবায়ক প্রাথমিক শিক্ষকদের ১৪ দফা দাবী আদায়ের আন্দোলন গড়ে তোলার জন্য আগামী ২রা এপ্রিল দাবী দিবস পালনের আহবান জানিয়েছেন। এদিন জেলা সদরে শিক্ষক জমায়েত মিছিল ও জেলা পরিদর্শকের নিকট দাবী দাওয়ার কপি পেশ করতে হবে। এদিন ঢাকায় সকাল ১০টায় বায়তুল মোকাররমে শিক্ষক জমায়েত মিছিল বের করা হবে এবং পরে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করা হবে। খবর বিজ্ঞপ্তির।